৯

সংবাদ

তারিখ ... SEP 23 2006
পৃষ্ঠা ১৩ কলাম ৪

# ইউসেপ ঢাকা টেকনিক্যাল স্কুল-২-এর কার্যক্রম শুরু

গত বুধবার জুরাইন, শ্যামপুর এলাকায় ঢাকা অঞ্চলের ইউসেপ-২-এর টেকনিক্যাল স্কুলের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়েছে। ইউসেপ বোর্ড অফ গভর্নসের চেয়ারপারসন এম. সিরাজুল ইসলাম স্কুল প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ইউসেফ এসোসিয়েশনের সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি এবং ইউসেপ-এর সংশ্লিষ্ট ছাত্রছাত্রী ও কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

বর্তমানে ঢাকা, রাজশাহী, খুলনা ও চট্টগ্রামে ৩২টি জেনারেল স্কুল, ৫টি টেকনিক্যাল স্কুল ও ৯টি প্যারাট্রেড প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ইউসেপ ২৬ হাজারের অধিক সুবিধাবঞ্চিত ছেলেমেয়েকে সাধারণ শিক্ষা ও কারিগরি প্রশিক্ষণ প্রদান করছে। কারিগরি প্রশিক্ষণ শেষে ইউসেপ-এর পক্ষ থেকে এ ছেলেমেয়েদের দেশে ও বিদেশে চাকরির ব্যবস্থা করা হয়।

নতুন এ টেকনিক্যাল স্কুল প্রতিষ্ঠার আগে ইউসেপ ঢাকা অঞ্চলে ১৪টি সাধারণ স্কুল, ১টি টেকনিক্যাল স্কুল ও ৩টি প্যারাট্রেড প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ১২-হাজারেরও অধিক শ্রমজীবী ছেলেমেয়েকে শিক্ষা ও প্রশিক্ষণ দিয়ে আসছিল। নতুন টেকনিক্যাল স্কুলটিতে ৬টি ট্রেডে মোট ২১৬ জন ছেলেমেয়ে প্রশিক্ষণের সুযোগ পাবে এবং পর্যায়ক্রমে এর ধারণক্ষমতা বৃদ্ধি করা হবে।



*গত বুধবার জুরাইন, শ্যামপুর এলাকায় ঢাকা অঞ্চলে ইউসেপ-এর ২য় টেকনিক্যাল স্কুলের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। ইউসেপ বোর্ড অফ গভরনর্সের চেয়ারপারসন এম সিরাজুল ইসলাম স্কুল প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। স্কুলের আনুষ্ঠানিক উদ্বোধন শেষে তিনি প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন -সংবাদ*

ইউসেপ বোর্ড অফ গভর্নরসের চেয়ারপারসন এম. সিরাজুল ইসলাম তার উদ্বোধনী বক্তৃতায় বলেন, ইউসেপ শহুরে শ্রমজীবী শিশু ও তাদের পরিবারের ভাগ্যোন্নয়নের লক্ষ্যে বাজারমুখী শিক্ষা ও প্রশিক্ষণ দিয়ে আসছে। তিনি চলমান বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে দেশী-বিদেশী শ্রমবাজারে ইউসেপ-এর ছেলেমেয়েদের আরও প্রতিযোগিতাশীল করে গড়ে তুলতে ইউসেপ শিক্ষা কার্যক্রমে তথ্যপ্রযুক্তি শিক্ষা অন্তর্ভুক্তির ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে বক্তৃতাকালে ইউসেপ-এর নির্বাহী পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আফতাব উদ্দিন আহমদ (অব.) বলেন, এনজিও হিসেবে বর্তমানে ইউসেপ দেশের শিল্পখাতের জন্য মানবসম্পদ তৈরিতে শীর্ষস্থানে রয়েছে। ইউসেফ-এ প্রশিক্ষণপ্রাপ্ত ছেলেমেয়েরা দেশে ও বিদেশে অত্যন্ত সুনামের সঙ্গে কাজ করছে বলে তিনি উল্লেখ করেন। তিনি আরও বলেন, ইউসেপ শিক্ষা কার্যক্রমের মূল শক্তি হচ্ছে- দেশের শীর্ষস্থানীয় শিল্প প্রতিষ্ঠানসমূহের প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে প্রতিনিয়ত এর পাঠ্যক্রমের পরিবর্তন ও পরিমার্জন করা হয়ে থাকে। সংবাদ বিজ্ঞপ্তি।